بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

April 14, 2012

Bangladesh Embassy in Washington, DC celebrates 'Pahela Boishakh'

In celebration of the Bengali New Year-1419, the Bangladesh Embassy in Washington, DC today (April 14, 2012) organized a cultural program at the *Bangabandhu Auditorium* of the Embassy. The event was also part of the Embassy's series of programs to celebrate the 40 years of Bangladesh-US diplomatic relations. Hon'ble Minister for Food and Disaster Management Dr. Muhammad Abdur Razzaque M.P., who is on a visit to USA also attended the program. The Embassy officials, their family members and leading cultural activists of Bangladesh based in the greater Washington DC area took part in the cultural evening. The cultural programme included chorus performance of the traditional year beginner *eso hey boishakh eso eso,* country and patriotic songs by members of the Bangladesh Embassy family and expatriate Bangladesh community.

Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader exchanged new year's greetings with the guests and, in his speech, expressed his hope that the new year would bring in renewed hope and prosperity in the lives of all Bangladeshi citizens living in the USA and in other foreign countries and to their near and dear ones in Bangladesh. Ambassador Qader expressed his hope that the 'Pahela Boishakh' celebration at this Embassy and in other places in the USA would expose the new generation of Bangladeshis to the rich cultural aspects in our nation.

This year the Embassy recognized the Diaspora socio-cultural organizations who contributed immensely to the cause of disseminating Bangali culture particularly among the new generation of the Bangladeshis of the Diaspora. These organizations are: Ektara (for promoting folk culture), Drishtipat DC (for promoting Bangladesh's history especially the war of independence to the new generation in the USA), Friends and Family (for the promotion of Bangladeshi festivals) and BCCDI-Bangla School (for teaching Bangla Language to the younger generation). Certificates together with commemorative coin issued in connection with the 40th anniversary of the Victory Day of Bangladesh.

A large number of Bangladeshi nationals and members of Bangladesh Diaspora, businessmen, journalists and foreign nationals were present on the occasion.

The guests were served with traditional Bangladeshi foods.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৪ এপ্রিল ২০১২

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে নববর্ষ-১৪১৯ পালিত

বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু অডিটরিয়ামে আজ (১৪ এপ্রিল ২০১২) এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পহেলা বৈশাখ বাংলাদেশ-মার্কিন যুক্তরাষ্ট্র কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৪০ বৎসর পূর্তি উপলক্ষে দূতাবাস কর্তৃক গৃহীত অনুষ্ঠানমালারও অংশ। আমেরিকায় সফররত মাননীয় খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি. উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দূতাবাসের কর্মকর্তা কর্মচারী, তাদের পরিবারের সদস্য এবং ওয়াশিংটন ডিসি এলাকার বিশিষ্ট সাংস্কৃতিক কর্মীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করেন। এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাস পরিবারের সদস্য এবং ওয়াশিংটনস্থ প্রবাসী বাঙালী শিল্পীগণ কোরাসে ঐতিহ্যবাহী বর্ষবরণের গান "এসো হে বৈশাখ, এসো এসো," ও দেশাত্ববোধক গান পরিবেশন করে।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের অনুষ্ঠানে আগত অতিথিদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। রাষ্ট্রদূত কাদের তাঁর বক্তব্যে আশা প্রকাশ করেন, নতুন বছর যুক্তরাষ্ট্রসহ বহির্বিশ্বের সকল দেশে বসবাসরত বাঙালীদের এবং স্বদেশে তাদের নিকটজনদের জীবনে আরও সমৃদ্ধি নিয়ে আসবে। পহেলা বৈশাখকে বাংলা দিনপঞ্জীর একটি অত্যন্ত আবেগঘন দিবস হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, এ দিনটি আমাদের জীবনে নতুন সম্ভাবনার বার্তাবহনকারী দিনস্বরূপ। রাষ্ট্রদূত কাদের আশা প্রকাশ করেন, বাংলাদেশ দূতাবাসসহ মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে পহেলা বৈশাখ উদ্‌যাপনের মাধ্যমে আমরা বহির্বিশ্বে বেড়ে উঠা নতুন প্রজন্মকে আমাদের সংস্কৃতির বিভিন্ন দিকের সাথে পরিচয় করিয়ে দিতে পারব।

বাংলাদেশ দূতাবাস এ বৎসর প্রবাসী বাংলাদেশীদের উদ্যোগে গড়ে উঠা চারটি সংগঠনকে যুক্তরাষ্ট্রে বাঙ্গালী সংস্কৃতি ও ইতিহাসকে তুলে ধরার বিশেষ অবদানস্বরূপ স্বীকৃতি প্রদান করেছে। এ সংগঠনগুলো হলো, একতারা ঃ বাংলা লোকসঙ্গীতকে প্রসারিত করার জন্য, দৃষ্টিপাত ডিসিঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাসকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার জন্য, ফ্রেন্ডস এন্ড ফ্যামিলিঃ বাংলাদেশের ঐতিহ্যবাহী অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রচারণা করার জন্য এবং বিসিসিডিআই-বাংলা স্কুলঃ নতুন প্রজন্মের ছেলেমেয়েদের বাংলা ভাষা শিক্ষা দেয়ার জন্য। উক্ত সংগঠনগুলোকে রাষ্ট্রদূত আকরামুল কাদের প্রত্যয়নপত্র ও বিজয়ের ৪০ বৎসর স্মারকমুদ্রা প্রদান করেন। এই অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী নাগরিক, ব্যবসায়ী, সাংবাদিক এবং বিদেশী নাগরিক উপস্থিত থেকে এই মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

অনুষ্ঠানে অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশনের মাধ্যমে আপ্যায়ন করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com